



دولة فلسطين  
السلطة الوطنية للتعليم، الشباب والرياضة

**Job Category:** Driving/Motor Technician

**Job Source:** فلسطين فلسطين

## Job Summary

**Posted On:** 9 Oct 2024

**Application Deadline:** 17 Nov 2024







## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### নৌ পরিবহন অধিদপ্তর,

নৌ বাণিজ্য দপ্তর

সরকারী কার্যভবন-১, আত্রাবাদ, চট্টগ্রাম।

ফোন: ০২৩৩৩৩২৪১৪০, ০২৩৩৩৩২১৯০২,

ই-মেইল: po@mmd.gov.bd, mmdctgbd@gmail.com,

ওয়েবসাইট: www.mmd.gov.bd

নং: ১৮.১৭.১৫০০.১০১.১১.০০১.১৮/৩১৯৯

তারিখ: ০৮/১০/২০২৪ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

নৌ বাণিজ্য দপ্তর, চট্টগ্রাম এ নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ীভাবে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম	শ্রেণি ও বেতনস্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	মন্তব্য
১।	ড্রাইভার	(শ্রেণি-১৬) টাঃ ৯৩০০-২২৪৯০	০১	ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) হালকা গাড়ী চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে; গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন।	কোটা ও বয়স সম্পর্কিত সরকার প্রচলিত সর্বশেষ নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

### শর্তাবলী

- প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাকরীর আবেদনপত্রের ফরমেটে আবেদন করতে হবে। পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত ফটো, প্রার্থীর বর্তমান ঠিকানা উল্লেখ পূর্বক ১০(দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকেট সহ ৯.৫ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি আকারের একটি খাম এবং পরীক্ষার ফি বাবদ প্রিন্সিপাল অফিসার, নৌ বাণিজ্য দপ্তর, সরকারী কার্যভবন-১, আত্রাবাদ, চট্টগ্রাম এর অনুকূলে ১০০/- (একশত টাকা) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং-১-৫২৩১-০০০১-২০৩১ এ জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে এ পর্যায়ে অন্য কোন কাগজপত্র সংযুক্ত করার প্রয়োজন নেই। তবে লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল/প্রদর্শন করতে হবে :  
ক) শিক্ষাগত যোগ্যতা এবং কারিগরী যোগ্যতার সনদ;  
খ) জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) নাগরিকত্ব সনদ ;  
গ) জাতীয় পরিচয় পত্র/জন্মনিবন্ধন সনদ ;  
ঘ) মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী (মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র/প্রমাণক ;  
ঙ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ ;  
চ) প্রবেশপত্রের মূল কপি ;
- নির্ধারিত আবেদন ফরম পূরণ করে খামের উপর পদের নাম ও নিজ জেলা উল্লেখ পূর্বক নৌ বাণিজ্য দপ্তর, সরকারী কার্যভবন-১, ২য় তলা, আত্রাবাদ, চট্টগ্রাম বরাবর আগামী ১৭-১১-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে।
- আবেদনকারীর বয়স ১৭ই নভেম্বর ২০২৪ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমাণিত হবে।
- সরকারী/আধা সরকারী সংস্থা বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরীরত এবং বিভাগীয় প্রার্থীদের সরকারী বিধি বিধান অনুসরণপূর্বক নির্ধারিত বয়সসীমার মধ্যে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদপত্রের মূলকপি জমা দিতে হবে।
- লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা একই দিন অনুষ্ঠিত হবে। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের সকল সনদ/প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।
- প্রার্থী কর্তৃক প্রদত্ত যেকোন তথ্য গোপন, অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন প্রকারের প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরেও যেকোন পর্যায়ে প্রার্থীর প্রার্থিতা বা নিয়োগ বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- নির্বাচনী পরীক্ষায় হাজির হওয়ার জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।
- কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ সংশোধন/পরিবর্তন/বাতিল করার ক্ষমতা হ্রাস বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

প্রিন্সিপাল অফিসার  
নৌ বাণিজ্য দপ্তর, চট্টগ্রাম

ও  
সভাপতি

বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি